

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৫, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-৩১৩-আইন/২০২৪।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৪৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);
- (খ) “তফসিল” অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;
- (গ) “বীমাকারী” অর্থ আইনের ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী; এবং
- (ঘ) “সলভেন্সি মার্জিন” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩৭) এ সংজ্ঞায়িত সলভেন্সি মার্জিন।

(২৭৪১৭)

মূল্য ৪ টাকা ১২.০০

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। সম্পদের মূল্যায়ন।—প্রত্যেক নন-লাইফ বিমাকারী তফসিল-১ অনুসারে FORM – VALUE OF ASSETS (VA) মোতাবেক সম্পদের মূল্যায়ন বিবরণী প্রস্তুত করিবে।

৪। দায়ের পরিমাণ নির্ধারণ।—প্রত্যেক নন-লাইফ বিমাকারী তফসিল-২ অনুসারে FORM – VALUE OF LIABILITIES (VL) মোতাবেক দায়ের পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৫। সলভেন্সি মার্জিন নির্ধারণ।—প্রত্যেক নন-লাইফ বিমাকারী তফসিল-৩ অনুসারে FORM-REQUIRED SOLVENCY MARGIN (RSM) মোতাবেক প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন এবং FORM – SOLVENCY MARGIN (SM) মোতাবেক সলভেন্সি মার্জিনের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৬। সলভেন্সি অনুপাত।—তফসিল ৩-এ উল্লিখিত নন-লাইফ বিমাকারীর সলভেন্সি অনুপাত হইবে নিম্নরূপ যথা:—

তারিখ	সলভেন্সির সর্বনিম্ন অনুপাত
৩১-১২-২০২৫	১
৩১-১২-২০২৬	১.২
৩১-১২-২০২৮	১.৫
৩১-১২-২০৩০	২
৩১-১২-২০৩২	২.২
৩১-১২-২০৩৫	২.৫

তফসিল ১

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

(ক) সম্পদের মূল্যায়ন

সম্পদের মূল্য নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত সম্পদসমূহ শূন্য মূল্য হিসাবে গণ্য করিতে হইবে, যথা:-

- (ক) আদায়যোগ্য নহে এইরূপ সকল ঋণ;
- (খ) অ-আদায়যোগ্য অগ্রিমসমূহ;
- (গ) আসবাবপত্র, স্থাপিত জিনিসপত্র, ডেড-স্টক, সফটওয়্যার ও স্টেশনারি মালামাল;
- (ঘ) পূর্বপরিশোধিত খরচসমূহ;
- (ঙ) লাভ ও ক্ষতির হিসাব সমন্বয় স্থিতি;
- (চ) পুনঃ বিমাকারীর ৬ (ছয়) মাস অধিককালের অনাদায়ী স্থিতি;
- (ছ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ;
- (জ) অস্পর্শযোগ্য (Intangible) সম্পদ;
- (ঝ) অনাদায়ী প্রিমিয়াম যাহা ১ (এক) মাসের মধ্যে অথবা আইনের ধারা ৩২ অনুযায়ী নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যাহা পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই; এবং
- (ঞ) এজেন্টের স্থিতি যাহা আইনের ধারা ৩২ অনুযায়ী নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত সমন্বয় করা হয় নাই।

(খ) সম্পদের মূল্যায়ন বিবরণী

FORM – VALUE OF ASSETS (VA)

..... স্থিতিতে সম্পদের বিবরণ।

নন-লাইফ বিমাকারীর নাম

নিবন্ধন নম্বর নিবন্ধনের তারিখ

ক্রমিক নম্বর	সম্পদের শ্রেণি	পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)
১।	নগদ এবং নগদতুল্য	
২।	সরকারি সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)	
৩।	স্থায়ী আমানত (যে পরিমাণ আদায়যোগ্য হয়)	
৪।	শেয়ারে বিনিয়োগ (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)	
৫।	মিউচুয়াল ফান্ড (ফেয়ার ভ্যালু, নেট অ্যাসেট ভ্যালু এবং বাজার মূল্য এর মধ্যে যাহা কম হয়)	
৬।	ডিবেঞ্চার/বন্ড (ফেয়ার ভ্যালু এবং বাজার মূল্য এর মধ্যে যাহা কম হয়)	
৭।	অন্যান্য সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)	
৮।	স্বাবর সম্পত্তিতে বিনিয়োগ – স্বাবর সম্পত্তি (ক্রয় মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যাহা কম হয়)	
৯।	অন্যান্য স্পর্শনীয় (Tangible) সম্পদ (ক্রয় মূল্য, অবচায়িত মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যাহা কম হয়)	
১০।	মোট সম্পদ	

তফসিল ২

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

(ক) দায়ের মূল্যায়ন

দায় নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত দায়সমূহ একজন নন-লাইফ বিমাকারীর দায়রূপে গণ্য হইবে, যথা:-

(ক) অপরিশোধিত দাবির বিপরীতে নিম্নবর্ণিত পদ্ধতিতে রিজার্ভ নির্ধারণ করিতে হইবে, যথা:-

- (১) যেইক্ষেত্রে বিমাকারীর অপরিশোধিত দাবির পরিমাণ জ্ঞাত সেইক্ষেত্রে দাবির সমপরিমাণ নির্ধারণ করিতে হইবে;
- (২) যেইক্ষেত্রে অপরিশোধিত দাবির পরিমাণ বিমাকারী কর্তৃক যুক্তিসঙ্গতভাবে নিরূপণ করা যায় সেইক্ষেত্রে বিমাকারী প্রতিটি পলিসির ক্ষেত্রে প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া নির্ধারণ করিবে অথবা কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

(খ) যেই ক্ষেত্রে দাবিসমূহ গৃহীত হইয়াছে কিন্তু তাহার প্রতিবেদন প্রদত্ত হয় নাই সেই ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্দেশ অনুসরণ করিয়া নির্ধারণ করিতে হইবে;

(গ) মেয়াদ উত্তীর্ণ না-হওয়া ঝুঁকির বিপরীতে নিম্নবর্ণিত পদ্ধতিতে রিজার্ভ নির্ধারণ করিতে হইবে, যথা:-

ক্রমিক নং	ব্যবসার ধরন	মেয়াদ উত্তীর্ণ না-হওয়া ঝুঁকির বিপরীতে রিজার্ভের হার
(১)	অগ্নি বিমা ব্যবসার নীট প্রিমিয়াম	৪০%
(২)	নৌ (জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বিমা ব্যবসা	৫০%
(৩)	নৌ-হাল (জাহাজ কাঠামো) ব্যবসা	১০০%
(৪)	মোটর ব্যবসা	৪০%
(৫)	এভিয়েশন ব্যবসা	১০০%
(৬)	বিবিধ বিমা ব্যবসা	৫০%
(৭)	স্বাস্থ্য বিমা ব্যবসা	১০০%

(ঘ) অন্যান্য দায়

- (১) মন্দ ও সন্দেহযুক্ত ঋণের বিপরীতে রিজার্ভ;
- (২) ঘোষিত বা সুপারিশকৃত ডিভিডেন্ডি এবং পূর্ণ অপরিশোধিত ডিভিডেন্ডি এর বিপরীতে রিজার্ভ;
- (৩) করের বিপরীতে রিজার্ভ;
- (৪) বিবিধ পাওনাদারের বিভিন্ন প্রাপ্য;

- (৫) সঞ্চিত প্রিমিয়াম;
- (৬) অপ্রত্যাশিত ক্ষতির বিপরীতে রিজার্ভ;
- (৭) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে ঋণ ও ঋণের অপরিশোধিত সুদ;
- (৮) বিমা ব্যবসায়ের অন্য বীমা কোম্পানির নিকট বকেয়ার পরিমাণ;
- (৯) বকেয়া নেট দাবিসমূহ; এবং
- (১০) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যেকোনো দায়।

(খ) দায়ের মূল্যায়ন বিবরণী

FORM – VALUE OF LIABILITIES (VL)

..... স্থিতিতে দায়ের মূল্যায়ন বিবরণী।

নন-লাইফ বিমাকারীর নাম

নিবন্ধন নম্বর নিবন্ধনের তারিখ

ক্রমিক নম্বর	বর্ণনা	মেয়াদ উত্তীর্ণ না-হওয়া ঝুঁকির বিপরীতে সংরক্ষণ	অপরিশোধিত দাবির বিপরীতে দায় রিজার্ভ	ইনকার্ড বাট নট রিপোর্টে (আই.বি.এন.আর.) সংরক্ষণ	মোট (৩+৪+৫)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	অগ্নি				
২	নৌ (জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বিমা ব্যবসা				
৩	নৌ-হাল (জাহাজ কাঠামো) ব্যবসা				
৪	মোটর				
৫	এভিয়েশন				
৬	বিবিধ				
৭	স্বাস্থ্য বিমা				
৮	মোট দায়				

তফসিল ৩

(প্রবিধান ৫ দৃষ্টব্য)

(ক) বিমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ

১। এই তফসিলে —

(ক) ‘প্রকৃত সলভেন্সি মার্জিন’ অর্থ নন-লাইফ সম্পদের মূল্যায়ন (FORM - VA) এবং দায় মূল্যায়ন (FORM-VL) এর মধ্যে পার্থক্য (FORM-VA এর সম্পদ—FORM-VL এর দায়);

(খ) ‘প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন’ অর্থ FORM- RSM মোতাবেক নিরূপিত প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন;

(গ) ‘সলভেন্সি অনুপাত’ অর্থ প্রকৃত সলভেন্সি মার্জিনের পরিমাণ ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের পরিমাণের অনুপাত।

২। প্রত্যেক বিমাকারী FORM- SM মোতাবেক প্রকৃত সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাত নির্ধারণ করিবেন।

(খ) FORM – REQUIRED SOLVENCY MARGIN (RSM)

নন-লাইফ বিমাকারীর নাম

নিবন্ধন নম্বর নিবন্ধনের তারিখ

টেবিল ১: - প্রিমিয়ামের উপর ভিত্তি করিয়া সলভেন্সি মার্জিনের বিবরণ

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	ব্যবসায়ের শ্রেণি	গ্রস প্রিমিয়াম (জি.পি.)	নেট প্রিমিয়াম (এন.পি.)	ফ্যাক্টর	গ্রস প্রিমিয়াম ফ্যাক্টর (জি.পি.এফ.)	নেট প্রিমিয়াম (এন. পি.) এর ৪০%	গ্রস প্রিমিয়াম ফ্যাক্টর (জি.পি.এফ.) এর ২৫%	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-১ (RSM-1); কলাম (৭) ও কলাম (৮) এর সংখ্যার মধ্যে যাহা অধিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬) কলাম (৩) × কলাম (৫)	(০৭)	(০৮)	(০৯)
১	অগ্নি			০.৭০				
২	নৌ (জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বীমা ব্যবসা।			০.৬০				

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬) কলাম (৩) x কলাম (৫)	(০৭)	(০৮)	(০৯)
৩	নৌ-হাল (জাহাজ কাঠামো) ব্যবসা			০.৬০				
৪	মোটর			০.৭৫				
৫	এভিয়েশন			১.০				
৬	বিবিধ			০.৭০				
৭	স্বাস্থ্য বিমা			১.০				
	মোট							

টিকা: FORM - VA ও FORM-VL যে তারিখের জন্য নিরূপণ করা হইবে উহার অব্যবহিত পূর্ববর্তী ১ (এক) বৎসরের গ্রস প্রিমিয়াম ও নেট প্রিমিয়াম বিবেচনা করিতে হইবে।

(১)	সমস্ত বৎসর FORM-VA এ উল্লিখিত সঙ্গতির মূল্য হইবে;							
(২)	নেট দার FORM- VL এ প্রদর্শিত নেট দারের পরিমাণ হইবে;							
(৩)	অন্যান্য দার স্থিতিগত উল্লিখিত এবং অন্য কোনভাবে শেয়ারহোল্ডারদের উল্লিখিত উক্ত অন্যান্য দারে (FORM-V দ্বারা প্রদর্শিত) দারের পরিমাণ হইবে;							
(৪)	স্বাস্থ্যবিমা প্রিমিয়াম (এ.এম.এম); এবং							
(৫)	FORM-RSM অনুযায়ী নির্ধারিত বৃত্তান্তের উপর দার হইবে;							
	নিরূপণের সময়							

সাক্ষর হইবে: ১৫ অক্টোবর ২০২৪ তারিখ = সাক্ষর করিতে হইবে
 যে তারিখের সময় উপস্থিত (উপস্থিত), সাক্ষর করিতে হইবে: ১৫ অক্টোবর ২০২৪ তারিখ
 যে তারিখের সময় উপস্থিত (উপস্থিত), সাক্ষর করিতে হইবে: ১৫ অক্টোবর ২০২৪ তারিখ
 সাক্ষর করিতে হইবে: ১৫ অক্টোবর ২০২৪ তারিখ

২৭৪২৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, অক্টোবর ১৫, ২০২৪

টেবিল ২: - গৃহীত দাবির উপর ভিত্তি করিয়া সলভেন্সি মার্জিনের বিবরণ

পরিমাণ কোটি টাকা

ক্রমিক নম্বর	ব্যবসায়ের শ্রেণি	গ্রস রেইম (জি.সি.)	নেট রেইম (এন.সি.)	ফ্যাক্টর	গ্রস রেইম ফ্যাক্টর (জি.সি.এফ.)	নেট রেইম (এন.সি.) এর ৫০%	গ্রস রেইম ফ্যাক্টর (জি.সি.এফ.) এর ৩৫%	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-২ (RSM-2): কলাম (৭) ও কলাম (৮) এর সংখ্যার মধ্যে যাহা অধিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
					কলাম (৩)× কলাম (৫)			
১	অগ্নি			০.৮০				
২	নৌ (জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বিমা ব্যবসা।			০.৭০				
৩	নৌ-হাল (জাহাজ কাঠামো) ব্যবসা			০.৭০				
৪	মোটর			০.৮৫				
৫	এভিয়েশন			১.০				
৬	বিবিধ			০.৭০				
৭	স্বাস্থ্য বিমা			১.০				
	মোট							

প্রয়োজনীয় সলভেন্সি-মার্জিন = টেবিল ১ এর কলাম ৯ এর RSM-1 এবং টেবিল ২ এর কলাম ৯ এর RSM-2 এর মধ্যে যাহা বৃহত্তর।

(গ) FORM- SOLVENCY MARGIN (SM)

নন-লাইফ বিমাকারীর নাম

নিবন্ধন নম্বর নিবন্ধনের তারিখ

ক্রমিক নম্বর	বর্ণনা	পরিমাণ (কোটি টাকায়)	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)
১.	সমন্বয়কৃত সম্পদ		
২.	মোট দায়		
৩.	শেয়ারহোল্ডারদের অন্যান্য দায়		
৪.	অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিন (এ.এস.এম.) = (১-২-৩)		
৫.	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM)		
৬.	সলভেন্সি অনুপাত ৪÷৫ অর্থাৎ (এ.এস.এম.)/(আর.এস.এম.)		

টীকা :

- (১) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ উল্লিখিত সম্পদের মূল্য হইবে;
- (২) মোট দায় FORM- VL এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে;
- (৩) অন্যান্য দায় স্থিতিপত্রে উল্লিখিত এবং অন্য কোনোভাবে শেয়ারহোল্ডারদের তহবিল হইতে উদ্ধৃত অন্যান্য দায়ের (FORM- VL এর অন্তর্ভুক্ত নহে) পরিমাণ হইবে;
- (৪) অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিন (এ.এস.এম.); এবং
- (৫) FORM- RSM অনুযায়ী নিরূপিত প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন।

নিরীক্ষকের স্বাক্ষর

মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর

কর্তৃপক্ষের আদেশক্রমে

ড. এম. আসলাম আলম

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।